

বিশ্ব ব্যাংক  
তথ্য বিজ্ঞপ্তি

## টেলিযোগাযোগ খাতের প্রসারে সহায়তা

বিশ্ব ব্যাংক বাংলাদেশের টেলিযোগাযোগ খাতের উন্নয়নে সরকারি একটি উদ্যোগে সহায়তা দিচ্ছে। তথ্য ও যোগাযোগ অবকাঠামো উন্নয়ন এবং সেবা প্রদানের ক্ষেত্রে প্রতিযোগিতার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি এই উদ্যোগের অন্যতম প্রধান লক্ষ্য। গত দু'বছরে দেশে এ খাতের প্রবৃদ্ধিতে প্রায় বিস্ফোরণ ঘটেছে বলা যায় যার ফলে আজকে বাংলাদেশে মোবাইল ফোন গ্রাহকের সংখ্যা প্রায় এক কোটি ষাট লাখে এসে দাঁড়িয়েছে। ২০০৩ সালে দেশে টেলিঘনত্ব যেখানে ছিল মাত্র এক শতাংশ ২০০৬ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ১১ শতাংশে।

টেলিযোগাযোগ কারিগরি সহায়তা প্রকল্পের - টিটিএপি-র বাস্তবায়ন শুরু হয় ২০০৩ সালে। প্রকল্পটির আর্থিক ব্যয় ৯১.২ লাখ মার্কিন ডলার। দেশের টেলিযোগাযোগ খাতের প্রাতিষ্ঠানিক, নীতিমালাগত এবং আইনী কাঠামো আরো বলিষ্ঠ করার মধ্য দিয়ে এই প্রকল্প খাতটির উন্নয়নে ভূমিকা রাখছে।

বাংলাদেশে টেলিযোগাযোগ খাতের প্রসার যাতে স্থিতিশীল ও টেকসই হয় সরকার একটি অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে উদ্যোগটির আওতায় কারিগরি সহায়তা, সামর্থ্য বৃদ্ধি ও বিনিয়োগ সহায়তা দেওয়া হচ্ছে। এ ছাড়া স্পেকট্রাম ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং সিস্টেম নামে একটি পদ্ধতিও এতে গ্রহণ করা হয়েছে। ত্রমশ মূল্যবান হয়ে ওঠা দেশের কোনো সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনায় পদ্ধতিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড - বিটিটিবি-র কাঠামো পুনর্বিদ্যমান করার জন্যও সরকারকে পরামর্শ সহায়তা দেওয়া হচ্ছে। আশা করা হচ্ছে ২০০৭ সালের মধ্যে এই গুরুত্বপূর্ণ কাজটি শেষ হবে। বিটিটিবি-র কাঠামোগত পুনর্বিদ্যমানের জন্য বিশ্ব ব্যাংক সরকারকে বাড়তি আর্থিক সহায়তা যোগান দিতে পারে।

যোগাযোগ  
রিজওয়ান আলম (৮৮০২) ৮১৫-৯০১৫, এক্সটেনশন-৪২৪২  
ইমেইল: [salam3@worldbank.org](mailto:salam3@worldbank.org)  
[www.worldbank.org.bd](http://www.worldbank.org.bd)